



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৬.২০২৪- ৪২২

তারিখ: ০২/০৪/২০২৪ খ্রি.

অফিস আদেশ

“সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮”-এর সদ্য সরকারিকৃত মোল্লারটেক উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল এন্ড কলেজ), দক্ষিণখান, ঢাকা এর অধ্যক্ষ পদটি শূণ্য হওয়ায় বর্ণিত বিদ্যালয়ের জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে মোঃ মফুজুল আলম, ইনডেক্স নং-D8১২৫৪২, সহকারী অধ্যাপক, ইংরেজি-কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও আর্থিক ক্ষমতা প্রদানের জন্য অনুরোধ করেছেন। উক্ত বিদ্যালয়ে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত বর্ণিত শিক্ষক-কে জ্যেষ্ঠ শিক্ষক বিবেচনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও আর্থিক ক্ষমতা পালনের অনুমতিসহ প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

১. প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
২. সরকারি বিধি অনুযায়ী তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের সাথে সাথে বিধি অনুযায়ী দায়িত্ব হস্তান্তর করতে হবে।
৩. দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।
৪. আর্থিক ক্ষমতাসহ পরবর্তী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের জন্য তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের অন্তত এক মাস পূর্বে ৫(পাঁচ) জন জ্যেষ্ঠ শিক্ষকের তথ্যসহ তালিকা প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ তারিকুল ইসলাম-১৫৫৫৫৭)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোনঃ ৪১০৫০১১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ঢাকা;
- ০৪। জেলা প্রশাসক, ঢাকা;
- ০৫। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৬। অধ্যক্ষ.....;
- ০৭। বিভাগীয়/ জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....;
- ০৮। জনাব.....;
- ০৯। সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার.....;
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ১১। সংরক্ষণ নথি।